

কোলাপাটগাতি বিদ্যালয়ের ভবন ঝুঁকিপূর্ণ

■ তেরখাদা (খুলনা) সংবাদদাতা

তেরখাদা উপজেলার ঐতিহ্যবাহী
বিদ্যাপীঠ কোলাপাটগাতি মাধ্যমিক
বিদ্যালয়ের ঝুঁকিপূর্ণ ভবনেই চলছে
ক্লাস।

বিদ্যালয়ের মূল ভবনটির ছাদ
ধসে পড়েছে। দীর্ঘদিন আগে থেকেই
ওই ভবনে ক্লাস কার্যক্রম বন্ধ হয়ে
গেছে। অপর দ্বিতল ভবনটির ছাদে
ফাটল ধরেছে। ফলে কোমলমতি ছাত্র-
ছাত্রীদের নিয়ে ক্লাস পরিচালনা ঝুঁকি
হয়ে পড়েছে। ঝড়-বর্ষার মৌসুম
আসলেই ছাত্র-ছাত্রী এবং শিক্ষকদের
মধ্যে আতঙ্ক দেখা দেয়। ১৯৫৫ সালে
কোলাপাটগাতি মাধ্যমিক বিদ্যালয়টি
প্রতিষ্ঠা হয়। ৫০৯ জন ছাত্র-ছাত্রী
বর্তমানে এ বিদ্যালয়ে নিয়মিত অধ্যয়ন
করছে। শিক্ষার মানও সন্তোষজনক।
বিদ্যালয়ে প্রধান শিক্ষকসহ ১২ জন
শিক্ষক ও চারজন কর্মচারী আছেন।
এখানে ক্লাসরুম সংকট থাকায় ষষ্ঠ
শ্রেণিতে ১৫৮ জন, সপ্তম শ্রেণিতে
১২৮ জন এবং অষ্টম শ্রেণিতে ১১১ জন
ছাত্র-ছাত্রীকে একই ক্লাসরুমে
চাপাচাপি বসে ক্লাস করতে হচ্ছে।
অপরদিকে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের
কোনো কমনরুম নেই, নেই টয়লেট।
বিদ্যালয়ে একটিমাত্র জরাজীর্ণ টয়লেট
আছে যা সবার ব্যবহার করতে হয়।

প্রধান শিক্ষক প্রদ্যুত কুমার
মল্লিক জানান, কয়েক দফা ভূ-
কম্পনের ফলে দ্বিতল ভবনটির ছাদে
ফাটল ধরেছে। দ্রুত ব্যবস্থা না নিলে
যে কোনো মুহূর্তে ছাদ ধসে যেতে
পারে।